# গুলশানে চাঁদাবাজি: বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের চার নেতা ৭ দিনের রিমান্ডে




সংগৃহীত ছবি

রাজধানীর গুলশানে সাবেক সংসদ সদস্য শাম্মী আহমেদের বাসায় চাঁদাবাজির অভিযোগে গ্রেফতার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাসহ চারজনের ৭ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

রোববার (২৭ জুলাই) দুপুরে আসামিদের ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতে (সিএমএম) হাজির করা হলে বিচারক মো. জিয়াদুর রহমান রিমান্ড শুনানি শেষে এ আদেশ দেন।

রিমান্ডপ্রাপ্ত আসামিরা হলেন—আব্দুর রাজ্জাক সিয়াম, সাকাদাউন সিয়াম, সাদমান সাদাব ও ইব্রাহিম হোসেন মুন্না।

মামলার তদন্ত কর্মকর্তা ও গুলশান থানার পরিদর্শক (তদন্ত) মোখলেছুর রহমান আদালতে আসামিদের ১০ দিনের রিমান্ডের আবেদন করেন। একইসঙ্গে ‘আইনের সঙ্গে সংঘাতে জড়িত’ শিশু মো. আমিনুল ইসলামকে আটক রাখার অনুমতি চাওয়া হয়।

LENS ASIA

রাষ্ট্রপক্ষে রিমান্ডের পক্ষে শুনানি করেন সহকারী পাবলিক প্রসিকিউটর (এপিপি) মুহাম্মদ শামসুদ্দোহা সুমন। অন্যদিকে আসামিপক্ষে আইনজীবী আক্তার হোসেন ভূঁইয়া রিমান্ড বাতিল ও জামিন আবেদন করেন।

শুনানি শেষে আদালত জামিন নামঞ্জুর করে চারজনের প্রত্যেকের ৭ দিন করে রিমান্ড মঞ্জুর করেন।